25

তারিখ ...... AUG. 7 1999
পৃষ্ঠা 7 কলাম 6

# দৈনিক ইনকিলাব

## কৃষি শিক্ষকদের প্রতি এ কেমন বৈষম্য !!

আমরা বিভিন্ন সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে কৃষি শিক্ষক হিসেবে নিয়োগপ্রাপ্ত হই ১৩৭৫-২৮৭০/- বেতন স্কেলে (স্মারক নং শাঃ-১০/ পদ.সৃষ্টি ৬-১/৯৪/৯৯২ শিক্ষা, তাং ২-১২-৯৫) শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছিল ৩ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা। অথচ একই শিক্ষাগত যোগ্যতায় এর পূর্বেই ৩১-৭-৯৩ তারিখে (স্মারক নং শি. বিশা/১০/ নে. বৃঃ ৬-১/৯৩/২৩৪- শিক্ষা) সরকারী স্কুলে কৃষি শিক্ষকদের নিয়োগ দেয়া হয় ২৩০০-৪৪৮০/- বেতন স্কেলে। কর্তৃপক্ষের নিকট জিজ্ঞাসা, একই মন্ত্রণালয়ের অধীনে একই শিক্ষাগত যোগ্যতায় দুই ধরনের বেতন স্কেলে কিভাবে নিয়োগ দেয়া হল? এটা কি ভুল নাকি ইচ্ছাকৃত? এদিকে বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে নিয়োগপ্রাপ্ত কৃষি ডিপ্লোমাধারী শিক্ষকগণ ২৩০০-৪৪৮০/- স্কেলে (স্মারক নং শাঃ-১১/ বিবিধ ৫/৯৪/ অংশ-৬)/ ৩৯৪ শিক্ষা) সরকারী অংশ পাচ্ছেন। বিষয়টির প্রতি কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ শাহ আলম
সহকারী শিক্ষক (কৃষি)
বগুড়া জিলা স্কুল
বগুড়া